ATASK হলো নিউ ইংল্যান্ডে অবস্থিত প্যান-এশিয়ান ভুক্তভোগী ও বেঁচে যাওয়া মানুষকে নিয়ে কাজ করা একটি পারিবারিক সহিংসতা এজেন্সি, যারা 14টি এশিয়ান ভাষায় গ্রাহকদেরকে সেবা দিয়ে থাকে। আমাদের মিশন হলো এশিয়ান পরিবার ও কমিউনিটিগুলোর মধ্যে পারিবারিক সহিংসতা প্রতিরোধ করা এবং বেঁচে যাওয়া মানুষদের আশাবাদী করা।


**বোস্টন:**

পি.ও. বক্স 120108 বোস্টন, MA 02112 টেলি: (617) 338-2350 ফ্যাক্স: (617) 338-2354

**লোওয়েল:**

পি.ও. বক্স 7259 লোওয়েল, MA 01853 টেলি: (978) 454-3651 ফ্যাক্স: (978) 937-2355


24-ঘন্টা বহুভাষিক

পারিবারিক সহিংসতা হেল্পলাইন

(617) 338-2355

বাংলা
ভিয়েতনামিজ
ক্যানটোনিজ; মান্দারিন
তাইওয়ানিজ ইন্দোনেশিয়ান
হিন্দি
নেপালি
উর্দু
থাই
তাগালগ (ফিলিপিনো)
মিয়েন
খেমার (কম্বোডিয়ান)
জাপানিজ
কোরিয়ান
মনিপুরী


*এই প্রকল্পটিতে সহায়তা করেছে ইউ.এস. ডিপার্টমেন্ট অব জাস্টিজ, অফিস অন ভায়োলেন্স এগেইনেস্ট ওম্যান কর্তৃক যার অনুদান নম্বর 2018-WL-AX-0010। এই প্রকাশনা/প্রোগ্রাম/প্রদর্শনীতে যে মতামত, ফলাফল, উপসংহার ও সুপারিশ দেওয়া হয়েছে

FAQ রচিত করেছে ATASK লিগ্যাল অ্যাডভোকেসি প্রোগ্রাম সর্বশেষ হালনাগাদ হয়েছে মে 31, 2016


**ASIAN TASK FORCE**
Against Domestic Violence

# পারিবারিক আইন

## প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## লিগ্যাল অ্যাডভোকেসি প্রোগ্রাম

24-ঘন্টা বহুভাষিক

পারিবারিক সহিংসতা হেল্পলাইন

**(617) 338-2355**

www.atask.org

## আরও সহায়তা দরকার?

**জরুরি প্রয়োজনে অনুগ্রহ করে 911 নম্বরে কল করুন**

সেইফলিংক ..........1-877-785-2020

..........1-877-521-2601

গ্রেটার বোস্টন লিগ্যাল সার্ভিসেস ..........617-371-1234

..........800-323-3205

লিগ্যাল অ্যাডভোকেসি অ্যান্ড রিসোর্স সেন্টার, আইএনসি ......617-603-1700

..........800-345-5297

মেট্রো ওয়েস্ট লিগ্যাল সার্ভিসেস ..........508-620-1830

..........800-696-1501

নর্থইস্ট লিগ্যাল এইড ..........978-458-1465

..........800-336-2262

ন্যাশনাল ল'ইয়ার্স গিল্ড ..........617-227-7008

বোস্টন বার অ্যাসোসিয়েশন ল'ইয়ার রেফারেল সার্ভিস..........617-742-0625

..........800-552-7046

ম্যাসাচুসেটস বার অ্যাসোসিয়েশন ..........617-654-0400

..........866-627-7577

**ASIAN TASK FORCE**
Against Domestic Violence

# লিগ্যাল অ্যাডভোকেসি প্রোগ্রাম

আমাদের Legal Advocacy Program-টি এশিয়ান বা এশিয়ান-আমেরিকান জাতিগত উৎপত্তির পারিবারিক সহিংসতা এবং যৌন আক্রমণের ভুক্তভোগীদের বিনামূল্যে আইনি পরিষেবার ক্ষেত্রে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘাটতি পূরণ করার চেষ্টা করে।

2009 সাল থেকে শুরু করে, আমাদের ATASK গ্রাহকদেরকে নিরাপদ ও স্বাধীন ব্যক্তিতে পরিণত হতে তাদের আইনী অধিকার পেতে, নির্যাতনকারীদের ক্ষমতার ও নিয়ন্ত্রণের বিভিন্ন ধরণ থেকে মুক্ত করতে, সর্বজনীন বহুভাষিক এবং বহু-সাংস্কৃতিক আইনি সহোযোগিতা, প্রতিনিধিত্ব এবং পরামর্শ প্রদান করে আসছি।

কমিউনিটি-ভিত্তিক সংগঠন, আইন স্কুল, আইনী পরিষেবাদি এবং স্বেচ্ছাসেবী অ্যাটর্নিদের সাথে আমাদের একত্রে কাজ করার ইতিহাস থেকে দেখা যায় যে আমরা বেঁচে যাওয়া কেউ যাতে আইনী প্রতিনিধিত্ব, কৌশলগত সহায়তা, নির্দেশিকা বা কোনো সফল রেফারেল ব্যতীত ফেরত না যায় তা নিশ্চিত করতে নিবেদিভাবে

দাবি পরিত্যাগ: এই পৃষ্ঠার বিষয়বস্তু শুধুমাত্র সীমিত তথ্যগত উদ্দেশ্যে এবং এটি কোন আইনী পরামর্শ নয়। আপনি কোনো পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নেওয়ার পূর্বে, আপনার অনন্য এবং নির্দিষ্ট পরিস্থিতির বিশ্লেষণে সহায়তা করার মাধ্যমে আপনার চাহিদাগুলোর সাথে ভালোভাবে খাপ খায় এমন একটি সমাধান খুঁজে পেতে ATASK আপনাকে একজন ম্যাসাচুসেটস আইনজীবীর পরামর্শ নিতে জোরালোভাবে উৎসাহ দেয়।

# আমি কিভাবে একটি তালাক/বিবাহ বিচ্ছেদ পেতে

প্রথম পদক্ষেপ হচ্ছে, যদি আপনার সঙ্গী একই কাউন্টিতে থাকেন তবে ম্যাসাচুসেটস কাউন্টিতে তালাকের অভিযোগ (Complaint for Divorce) দায়ের করতে হবে। অন্যথায়, আপনার বর্তমান বসবাসের স্থান ম্যাসাচুসেটস কাউন্টির মধ্যে বিবাহবিচ্ছেদ জন্য মামলা দায়ের করতে হবে।

যদি আপনি বা আপনার স্বামী/স্ত্রীবিবাহ বিচ্ছেদ সম্পর্কিত সকল সমস্যার বিষয়ে সম্মত হন, তাহলে আপনি তালাকের জন্য যৌথ আবেদন (Joint Petition for Divorce) এবং তালাকের চুক্তি (Divorce Agreement) দাখিল করতে পারবেন।

যদি আপনার স্বামী/স্ত্রী এই তালাক বা তালাকের শর্তাবলীর সাথে সম্মত না হন, তাহলে তালাকের জন্য আপনি আপনার অভিযোগ দাখিল করতে পারবেন।

বিবাহ বিচ্ছেদের জন্য আপনাকে অবশ্যই একটি ভিত্তি বা "যৌক্তিক কারণ"

**"ত্রুটিহীন" বিবাহ বিচ্ছেদ**
বেশিরভাগ ক্ষেত্রে অগ্রাধিকার পেয়ে থাকে divorces. বিবাহ বিচ্ছেদের জন্য আপনাকে কোনো কারণ উল্লেখ করতে হবে না। এটি সাধারণত সময় ও উদ্বেগ কমায় এবং কারণ প্রমাণ করতে কোন সাক্ষ্য প্রয়োজন হয় না।

**"ত্রুটির ভিত্তিতে" বিবাহ বিচ্ছেদের জন্য আপনাকে**

বিচারকের নিকট প্রমাণ করতে হবে যে আপনার সঙ্গী যেকোনো আনুষ্ঠানিক কারণ বা

"যৌক্তিক কারণ"-এর ভিত্তিতে বিবাহটি ভেঙেছে। অন্যান্য কারণগুলোর মধ্যে প্রচলিত যৌক্তিক কারণগুলোর মধ্য কয়কটি হচ্ছে, নিষ্ঠুর ও অপমানজনক আচরণ, এক বছরের জন্য সম্পূর্ণ যোগাযোগহীনতা, ব্যভিচার বা নিয়মিত নেশায় আসক্তি।

**প্রচলিত বিবাহ বিচ্ছেদের প্রসঙ্গসমূহ:**

সন্তানের অভিভাবকত্ব, অভিভাবকীয় পরিকল্পনা (পরিদর্শন) সন্তান এবং/অথবা সঙ্গীর আর্থিক সহায়তা, বৈবাহিক সম্পদের ভাগাভাগি (সম্পত্তি) এবং ঋণ।

**ত্রুটির ভিত্তিতে চাওয়া বিবাহ বিচ্ছেদ প্রক্রিয়ার সময় দীর্ঘ করতে পারে, কিন্তু বিবাহবিচ্ছেদের ফলাফলের উপর এটি সবসময় গুরুত্বপূর্ণ কোনো প্রভাব ফেলে না।**

## উৎসসমূহ

1 You may find the up-to-date complaint forms on the Massachusetts Court System website: http://www.mass.gov/courts/courtsandjudges/courts/probateandfamilycourt/forms.html#divorce.

http://www.masslegalhelp.org/children-and-families/divorce-separation-basic-info

2 http://www.masslegalhelp.org/children-and-families/child-custody-and-visitation; http://www.masslegalhelp.org/children-and-families/chapter6-custody; http://www.masslegalhelp.org/domestic-violence/wdwgfh8/can-visitation-be-safe

3 http://www.masslegalservices.org/system/files/Chapter+11+Final.pdf

4 http://www.masslegalhelp.org/children-and-families/divorce-separation-basic-info

5 http://www.masslegalhelp.org/children-and-families/chapter8-

## আমাদের বৈবাহিক বাড়ি, চেকিং অ্যাকাউন্ট এবং অন্যান্য সম্পদ ও ঋণের ক্ষেত্রে কী ঘটে?

আপনাদের বৈবাহিক সম্পদ এবং ঋণ কিভাবে ভাগ করা হবে ও পারিবারিক বাড়িতে কে বসবাস করবে সেই সিদ্ধান্ত আপনি এবং আপনার সঙ্গী চুক্তির মাধ্যমে ঠিক করতে পারেন। স্বত:প্রবৃত্ত এবং যৌক্তিক তেমন কোনো চুক্তিতে পৌছলে আদালত তার অনুমোদন দিতে পারে।

তবে, আপনি এবং আপনার প্রাক্তন সঙ্গী যদি চুক্তিতে পৌছতে অসমর্থ হন, তাহলে আদালত বিচারের মাধ্যমে আপনাদের জন্য এই সিদ্ধান্তগুলো গ্রহণ করবে। বিবাহের সময় ব্যক্তিগত বা যৌথ মালিকানাধীন সকল সম্পদ, বৈবাহিক সম্পদ হিসেবে ন্যায়সঙ্গত (ন্যায্য) বন্টনের আওতায় বিবেচিত হয়। আদালত একটি ন্যায়সঙ্গত ভাগ বাটোয়ারা করার জন্য বিভিন্ন কারণ বিবেচনা করেন: যেমন, বিবাহের স্থায়ীত্বকাল, কখন এবং কিভাবে সম্পত্তি অর্জিত হয়েছিল, বিবাহ থাকাকালীন পক্ষগুলোর আচার-ব্যবহার, আয়ের উৎস ও পরিমাণ, কর্মসংস্থানের যোগ্যতা, পক্ষগুলোর প্রয়োজনীয়তা, নির্ভরশীল সন্তান (দের) চাহিদা, সম্পদ অর্জন ও রক্ষায় প্রতিটি পক্ষের অবদান।

অভিবাসন সংক্রান্ত আপনার অবস্থা বৈবাহিক সম্পত্তি এবং সম্পদে আপনার মালিকানার অধিকারকে প্রভাবিত করে না।



**দ্রষ্টব্য: এটি শুধুমাত্র অবহিত করার উদ্দেশ্যে। সবসময় স্বনামধন্য অ্যাটর্নির সাথে পরামর্শ করবেন। নিচের নির্দেশিকা শুধুমাত্র সাধারণ ব্যবহারের উদ্দেশ্যে এবং আপনার অনন্য পরিস্থিতির জন্য প্রযোজ্য নাও হতে পারে।**

## বিবাহ বিচ্ছেদ কি আমার অভিবাসন অবস্থাকে ক্ষতিগ্রস্থ করবে?

**দ্রষ্টব্য: এটি শুধুমাত্র অবহিত করার উদ্দেশ্যে। সবসময় স্বনামধন্য অ্যাটর্নির সাথে পরামর্শ করবেন। নিচের নির্দেশিকা শুধুমাত্র সাধারণ ব্যবহারের উদ্দেশ্যে এবং আপনার অনন্য পরিস্থিতির জন্য প্রযোজ্য নাও হতে পারে।**

আপনি এবং আপনার সঙ্গী উভয়েই যদি যুক্তরাষ্ট্রের নাগরিক হন বা আইনগতভাবে স্থায়ী বাসিন্দা হন, তাহলে সাধারণভাবে আপনার বিবাহবিচ্ছেদ অভিবাসনে কোনো নেতিবাচক প্রভাব ফেলবে না।

আপনি এবং আপনার সঙ্গী উভয়েই যদি নথিভুক্ত হয়ে না থাকেন, তাহলেও আপনি কোনো প্রকার নেতিবাচক পরিণতি ব্যতীতই বিবাহ বিচ্ছেদ করতে পারেন। আপনার সঙ্গী যদি পরবর্তীতে আইনগতভাবে বৈধ স্ট্যাটাস অর্জন করে, তাহলেও তার স্ট্যাটাস আপনার স্ট্যাটাসকে প্রভাবিত করবে না।

যদি আপনার সঙ্গী আমেরিকান নাগরিক বা স্থায়ী বাসিন্দা হয়ে থাকে এবং আপনি যদি তা না হন, তাহলে আপনার সঙ্গী আদালতে আপনাকে মার্কিন যুক্তরাষ্ট্রে থাকার বিষয়ে আবেদন পেশ করেন, তাহলে বিবাহবিচ্ছেদ আপনার অভিবাসনগত অবস্থার উপর প্রভাব ফেলতে পারে।

আপনি যদি আমেরিকাতে আপনার সঙ্গীর অস্থায়ী কাজ, শিক্ষার্থী বা গবেষণা ভিসার ভিত্তিতে এসে থাকেন, তাহলে বিবাহ বিচ্ছেদ আমেরিকাতে আইনগতভাবে আপনার থাকার উপর প্রভাব ফেলতে পারে। *অভিবাসন সংক্রান্ত* প্রায়শই *জিজ্ঞাসিত প্রশ্নাবলী* দেখুন।

## বিবাহবিচ্ছেদের কোনো বিকল্প রয়েছে কি?

বিবাহ বাতিল করতে একটি বাতিলকরণ অভিযোগ ব্যবহৃত হয়, যাতে মনে হয় এই দুজন কখনোই বিবাহিত ছিলেন না। কোনো আদালত একটি বিয়েকে বাতিল করবে যদি 1) স্বামী বা স্ত্রী বিয়ে বা রক্তের সম্পর্কের কারণে ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত হয়, অথবা 2) বিবাহের সময় স্বামী বা স্ত্রী অন্য কারো সাথে আইনগতভাবে বিবাহিত থাকে। জালিয়াতি, জবরদস্তি/বলপ্রয়োগ বা বিয়ের সময় মানসিক সক্ষমতার অভাব থাকার যথেষ্ট প্রমাণ থাকলে আদালত কোনো বিয়ে বাতিল করতে পারে।

যখন আপনি বিবাহের সমাপ্তি চান না কিন্তু সন্তানের হেফাজত বা সহযোগিতার নির্দেশ প্রয়োজন হয়, তখন একটি আলাদা সহায়তা অভিযোগ (Separate Support Complaint) কাজে লাগাতে পারেন। আপনি আদালতে কোন আনুষ্ঠানিক প্রক্রিয়া ছাড়াই আপনার সঙ্গী থেকে পৃথক হয়ে এবং আলাদাভাবে বসবাস করতে পারেন।

মধ্যস্থতা দ্বন্দ্বমূলক বিবাহবিচ্ছেদ প্রক্রিয়ার একটি বিকল্প এবং এটি অর্থ সাশ্রয় করতে পারে। এই পরিস্থিতিতে, একজন আইনজীবী দম্পতিকে সকল বিষয়ে একটি চুক্তি করতে সহায়তা করে এবং পারস্পরিকভাবে স্বীকৃত বিবাহবিচ্ছেদের চুক্তিটি খসড়া দেয়, কিন্তু কোনো পক্ষের প্রতিনিধিত্ব করে না। যেই বিবাহে দুজনেরই ক্ষমতা সমান থাকে সেখানে এই বিকল্পটি উপযুক্ত।

## বিবাহ বিচ্ছেদের ফলে কি আমি আমার সন্তানদের হারাবো?

নির্যাতনকারী প্রায়শই তার নির্যাতনের ভুক্তভোগীদের এই বলে হুমকি দিয়ে থাকে যে, তারা তাদের সন্তানকে হারাবে এবং আর কখনো তাদের দেখতে পাবে না। তবে, বাস্তবতা হচ্ছে অভিভাবকরা বেশিরভাগ সময়ই তাদের সন্তানদের "হারায়" না। বরং, ম্যাসাচুসেটস আদালত প্রায়শই "অভিভাবকীয় সময়"-কে হেফাজতের অবস্থানগত পরিবর্তনকে বোঝানোর জন্য ব্যবহার করে।

---

ম্যাসাচুসেটস-এ দুই ধরনের হেফাজত রয়েছে:

শারীরিক হেফাজত হচ্ছে আপনার সন্তানকে আপনার সাথে প্রাথমিকভাবে রাখার অধিকার।প্রায়শই, "অভিভাবকীয় সময়" শব্দটিকে "শারীরিক হেফাজত"-এর জায়গায় ব্যবহার করা হয় এবং এটি প্রতিটি অভিভাবক সন্তানের সাথে ব্যয় করা সাপ্তাহিক সময়সূচির বর্ণনা দেয়।

আইনী হেফাজত হচ্ছে আপনার সন্তানের ধর্মীয়, আধ্যাত্মিক, শিক্ষাগত বা চিকিৎসা সংক্রান্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেয়ার অধিকার।

আপনি এবং আপনার সঙ্গী যদি হেফাজত নিয়ে একমত না হন, তাহলে বিচারক

সন্তান(দের) জন্য "সবচেয়ে ভালো" যা হবে তার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করবেন। বিচারক অনেক বিষয় যেমন প্রত্যেক অভিভাবক এবং শিশুর স্বাস্থ্য ও সুস্থিতি, শারীরিক নির্যাতন বা অ্যালকোহল অপব্যবহার অথবা অবহেলা এবং শুধুমাত্র একজন অভিভাবকই একমাত্র বা প্রাথমিক তত্ত্বাবধায়ক কি না তা বিবেচনা করবেন। প্রায় সব ক্ষেত্রেই, নির্যাতনকারী সঙ্গীসহ, বাবা মা উভয়ের সন্তানের সাথে কিছু অভিভাবকীয় সময় পাবে, এমনকি যদি সন্তানের সুরক্ষার জন্য এটি তত্ত্বাবধান করা আবশ্যক হয় তবুও।

আপনারা যদি বিবাহিত হন এবং হেফাজতের বিশেষ কোনো রায় না থাকে, তাহলে বাবা মা উভয়েই শারীরিক এবং আইনী হেফাজত ভাগাভাগি করবেন।

আপনারা যদি বিবাহিত *না* হন এবং হেফাজতের সুনির্দিষ্ট কোনো রায় না থাকে, তাহলে শুধুমাত্র মা শারীরিক এবং আইনী হেফাজত পাবেন।

একজন অভিভাবকের দ্বারা চরম বিপদ বা অপরাধের প্রমাণ থাকলে সেক্ষেত্রে আদালত অস্থায়ীভাবে অভভাবকীয় সময় স্থগিত বা মূলতবি রাখতে পারেন অথবা বিপজ্জনক অভিভাবকের অভিভাবকীয় অধিকার স্থায়ীভাবে বাতিল করতে পারেন।

যদি আপনি আপনার সঙ্গী আপনার সন্তানকে নিয়ে স্টেট বা দেশ ছেড়ে পালিয়ে যাবে এমন আশংকা করেন, তাহলে আপনি আদালতকে এই বিষয়টি নিয়ে কথা বলার এবং সন্তানের পাসপোর্ট নিয়ে নেওয়া

বা নজরদারীর অধীনে থাকা পরিদর্শনের মতো সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের অনুরোধ করতে পারেন।

## একজন স্থায়ী বাসিন্দা বা নাগরিক না হলে কি আমি আমার সন্তান(দের) রাখতে পারব?

আপনার যদি অভিবাসন সংক্রান্ত কোনো অবস্থা নাও থাকে, তবুও ঘটনাবলী অনুসারে একজন আমেরিকান নাগরিকের সমান হেফাজতের অধিকার আপনার রয়েছে। সন্তানের(দের) জন্য "সবচেয়ে ভালো" যা হবে সেই মানদন্ড এবং হেফাজত ও

অভিভাবকীয় অধিকারকে নিয়ন্ত্রণকারী অন্যান্য আইন আপনি একজন অনথিভূক্ত বা আমেরিকান নাগরিক যাই হন না কেন, সকলের জন্যই সমান। অভিভাবকের অভিবাসন অবস্থা যাই হোক না কেন সন্তানের জন্য সবচেয়ে ভালো কী হবে তার ভিত্তিতে বিচারক সিদ্ধান্ত গ্রহণ করবেন।

তবে, আপনি যদি নথিভূক্ত না হন, তাহলে আপনার সঙ্গী অপহরণ, দেশত্যাগ এবং আপনার দেশে সন্তানকে নিয়ে ফেরত না আসার আশঙ্কার কথা উত্থাপন করতে পারেন, যে বিষয়ে বিচারক মনোযোগ দিতে পারেন।

---

## আমি কি আমার সঙ্গীর কাছ থেকে আর্থিক সহযোগীতা পারবো?

সন্তান সংক্রান্ত সহায়তা : আপনার কাছে যদি শারীরিক হেফাজত থাকে বা অভিভাবকীয় হেফাজতের অধিকাংশ সময় আপনি পালন করে থাকেন তাহলে সন্তান সংক্রান্ত সহায়তায় অর্থ প্রদানে আপনার সঙ্গীর *আইনী বাধ্যবাধকতা* রয়েছে, এমনকি সে যদি কোনো কাজ না করে বা সন্তানের সাথে নাও দেখা করে। সন্তান সংক্রান্ত এই অর্থ সহায়তা একটি সূত্রের উপর ভিত্তি করে তৈরি যা রাষ্ট্র ঠিক করে দেয়, যদিও পরিমাণ পরিবর্তনের বিষয় বিচারকের ইচ্ছা উপর নির্ভরশীল।

আপনারা যদি শারীরিক হেফাজত বা আপনার অভিভাবকীয় সময় সমান ভাগাভাগি করে থাকেন, তাহলে উচ্চ আয়ের অভিভাবকের নিম্ন-আয়ের অভিভাবককে একটি সমন্বিত শিশু সহায়তা প্রদান করতে হতে পারে।

বৈবাহিক সহায়তা: আপনাকে বিবাহবিচ্ছেদের পরে বা বিচ্ছেদের মামলা চলাকালীন সঙ্গীর আয় বা সম্পত্তি থেকে খোরপোষ বা বৈবাহিক সহায়তা দেয়া হবে কি না তা অনেকগুলো বিষয়ের উপরে নির্ভর করে যার মধ্যে রয়েছে

পক্ষদ্বয়ের বয়স, শিক্ষা, আয় এবং উপার্জন ক্ষমতা, এবং প্রত্যেক সঙ্গীর বাড়ির ভেতরে / বাইরে কাজের ইতিহাস অন্তর্ভুক্ত, তবে শুধুমাত্র এগুলোতেই সীমিত নয়।

আদেশকৃত যেকোনো বৈবাহিত সহায়তার পরিমাণ এবং সময়কাল, বিবাহের ব্যাপ্তিকাল ও অংশীদারিত্ব, গ্রহণকারী সঙ্গীর চাহিদা এবং প্রদানকারী সঙ্গীর সামর্থের উপরে নির্ভর করে।